

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ.ডব্লিউ.চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০৩.২৫.০৮৩.১৮.১০০

০৬ কার্তিক ১৪২৫
২৯ অক্টোবর ২০১৮

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি



Introduction to Digital Cinema Production

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ০২.১২.২০১৮ থেকে ০৭.০২.২০১৯ মেয়াদে ১০ (দশ) সপ্তাহব্যাপী “Introduction to Digital Cinema Production” পাঠ্যধারা আয়োজন করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় চলচ্চিত্রের ইতিহাস, সিনেমাটোগ্রাফি, চিত্রনাট্য, নির্দেশনা, অভিনয়, ফিচার ও প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত হবে।

“Introduction to Digital Cinema Production” পাঠ্যধারায় অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ১৪ নভেম্বর ২০১৮ পর্যন্ত দপ্তর চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর দুই কপি রসিদ সত্যায়িত ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১৪ নভেম্বর ২০১৮ রোজ বুধবার।

এছাড়াও ইনস্টিটিউটের ওয়েবসাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে বর্ণিত কাগজপত্রের Scanned Copy সহ আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন সকল কাগজপত্র এবং আবেদনের মূল্য বাবদ ২০০/- (টাকা দুইশত) মাত্র এ প্রতিষ্ঠানের হিসাব শাখায় প্রদান করতে হবে।

সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ১৫ নভেম্বর ২০১৮ (রোজ বৃহস্পতিবার) সকাল ১১.০০ টার মধ্যে এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৬ ১০,০০০/= (টাকা দশ হাজার) মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

মো: নজরুল ইসলাম
পাঠ্যধারা পরিচালক

ও

পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)
ফোনঃ ৫৫০৭৯৪৩৩